



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
সিটি কর্পোরেশন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.২৬.০০৫.২০২০-৫১৭

তারিখ: ৩০ আষাঢ় ১৪২৯  
১৪ জুলাই ২০২২

বিষয়: গাজীপুর সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিলের অর্থ দ্বারা আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও উর্দ্ধতন কর্মকর্তাগণের জন্য ১০(দশ) টি জীপ গাড়ী এবং সিটি কর্পোরেশনের বর্জ্য অপসারণের জন্য ২ টি চেইন ডোজার ক্রয়ের অনুমতি প্রসংগে।

সূত্র: (ক) গাজীপুর সিটি কর্পোরেশনের পত্র সংখ্যা: ৪৬.১৯.০০০০.০২৩.৯৯.৪৮৫.২২, তারিখ: ২১/০৬/২০২২।  
(খ) অর্থ বিভাগের বাজেট অনুবিভাগের পরিপত্র সংখ্যা: ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-০১, তারিখ: ৩ জুলাই, ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিলের অর্থ দ্বারা আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও উর্দ্ধতন কর্মকর্তাগণের জন্য ১০(দশ) টি জীপ গাড়ী ক্রয়ের ক্ষেত্রে অর্থ বিভাগের নিষেধাজ্ঞা থাকায় গাড়ী ক্রয়ের অনুমতি প্রদান করা গেল না (কপি সংযুক্ত)।

২। ইতঃপূর্বে অনুমোদিত ৪৬টি যান যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে যন্ত্রপাতির নাম এবং অর্থ ব্যয়ের বিবরণসহ নতুনভাবে চেইন ডোজার ক্রয়ের ক্ষেত্রে ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেটের সাথে সঙ্গতি রেখে পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

প্রধান নির্বাহী কর্মকর্তা  
গাজীপুর সিটি কর্পোরেশন।

মোহাম্মদ জহরুল ইসলাম  
উপসচিব

ফোন: ৫৫১০০৪০৯

ই-মেইল: [lgcc2@lgd.gov.bd](mailto:lgcc2@lgd.gov.bd)

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।